

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

অতীব জরুরী  
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৩৪.২০১৪- ৯৯৯

তারিখ : ০৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।  
২৪ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার ০৩টি ইউনিয়ন যথাক্রমে-(১) ৩নং আলফাডাঙ্গা ইউনিয়ন,  
(২) ০১নং বুড়াইচ ইউনিয়ন এবং (৩) ০২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠান প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসক, ফরিদপুর কার্যালয়ের পত্র নং-৫৫৩/১(২), তারিখ : ০৬.১০.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আলফাডাঙ্গা উপজেলার ৩নং আলফাডাঙ্গা ইউনিয়নের ১,৩ ও ৯নং ওয়ার্ড, ০১নং বুড়াইচ ইউনিয়নের ১ নং ওয়ার্ড এবং ০৩নং গোপালপুর ইউনিয়নের ৫ ও ৭ নং ওয়ার্ড নিয়ে আলফাডাঙ্গা পৌরসভা গঠনের প্রস্তাব নিকার সভায় গত ২৯/০২/২০১৬ তারিখে অনুমোদিত হয়েছে। তৎপ্রেক্ষিতে, পৌরসভা অংশ বাদে উক্ত ইউনিয়নসমূহের অবশিষ্ট ওয়ার্ডের সীমানা পুনর্বিন্যাস কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং ১১/০৮/২০১৬ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। জেলা প্রশাসক, ফরিদপুর উক্ত ইউনিয়ন ০৩টির নির্বাচন অনুষ্ঠানের জন্য অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, ফরিদপুর এর পত্রের মর্মানুযায়ী ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার ০৩টি ইউনিয়ন যথাক্রমে-(১) ৩নং আলফাডাঙ্গা ইউনিয়ন, (২) ০১নং বুড়াইচ ইউনিয়ন এবং (৩) ০২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে-বাংলানগর  
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, ফরিদপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।

০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।